# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

*"Made in Bangladesh with Pride"*

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

**অতীব জরুরী**

Ref: বিজিএ/কাস/২০২২/৫২ তাং ২৮/০৩/২০২২ইং

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়: চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত এলসিএল কার্গো বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারি নেয়া প্রসংঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত এলসিএল কন্টেনার আনস্টাফিং এ বিলম্ব হচ্ছে। চট্টগ্রাম বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম নির্বিঘ্ন রাখার স্বার্থে চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে আমদানীকৃত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারি নেয়ার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সকলকে অনুরোধ জানিয়েছেন।

উল্লেখ্য, ১০ই এপ্রিল, ২০২২ তারিখ পর্যন্ত পরিস্থিতি পর্যবেক্ষন করা হবে উক্ত সময় পর ০৪(চার) দিন ফ্রি টাইমের পর হতে ০৪(চার) গুন বর্ধিত হারে রেন্ট আরোপে কর্তৃপক্ষ বাধ্য হবে।

এ সংক্রান্ত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পত্র স্মারক নং- ০৪/২০২২ তারিখ- ২৭/০৩/২০২২ইং আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষে পোশাক শিল্পের আমদানীকৃত এলসিএল কন্টেইনারসমূহ দ্রুত ডেলিভারির পদক্ষেপ গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

28/3/2022

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

D/Safiq/circular/LCL Cargo

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (পরিবহন) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০৪/২০২২ তারিখ -২৭/০৩/২০২২ইং।

বিজ্ঞপ্তি

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরে আমদানীকৃত এলসিএল কার্গো বন্দর অভ্যন্তর হতে দ্রুত ডেলিভারি প্রসঙ্গে।

এতদ্বারা সকল আমদানীকারক, সিএন্ডএফ এজেন্ট ও সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত বন্দরের বিভিন্ন শেড/সিএফএস সমূহে এলসিএল কন্টেইনার আনস্টাফিং এর পরে দীর্ঘসময় অতিবাহিত হলেও বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক মালামাল খালাস না নেওয়ার কারণে শেড/সিএফএস সমূহে স্থান সংকুলানের অভাবে নতুন এলসিএল কন্টেইনার আনস্টাফিং এ বিলম্ব হচ্ছে। বন্দরের স্বাভাবিক অপারেশনাল কার্যক্রম অবিচ্ছিন্ন রেখে দেশের সকল আমদানী-রপ্তানীকারকগণকে নিরবচ্ছিন্ন সেবা প্রদানের লক্ষ্যে অনতিবিলম্বে বন্দর অভ্যন্তরে স্থিত বিভিন্ন শেড/সিএফএস সমূহে রক্ষিত আমদানীকৃত এলসিএল কার্গো দ্রুত ডেলিভারী নেওয়ার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, এ বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে ১০ই এপ্রিল, ২০২২ তারিখ পর্যন্ত পরিস্থিতি পর্যবেক্ষণ করা হবে। উক্ত সময়ের মধ্যে এ ধরনের এলসিএল কার্গো ডেলিভারীর পরিমাণ বৃদ্ধি না পেলে আগামী ১১/০৪/২০২২ইং তারিখ হতে আমদানীকৃত এলসিএল কার্গোর ক্ষেত্রে আনস্টাফিং এর পর ০৪(চার) দিন ফ্রি টাইম এর পর হতে **Regulations for Working of Chittagong Port (Cargo And Container), 2001**এর ১৬০ ধারার আলোকে সমস্ত এলসিএল কার্গোর ক্ষেত্রে বন্দরের স্টোররেন্ট/গুদামভাড়ার উপর স্ল্যাব নির্বিশেষে ০৪(চার) গুণ বর্ধিত হারে রেন্ট আরোপে কর্তৃপক্ষ বাধ্য হবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

২৭।৩
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং-ডিটি/ডব্লিউআর/ ১৬ (২য় খন্ড) গ-লুজ/১৬০২ তারিখ -২৭/০৩/২০২২ইং।
অনুলিপিঃ-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১। পি এস টু সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
০২। কমিশনার অব কাষ্টমস, কাষ্টম হাউস, চট্টগ্রাম।
০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। সদস্য (প্রশাঃ ও পরিঃ), চবক; সদস্য (অর্থ), চবক; সদস্য (প্রকৌশল), চবক; সদস্য ( হাঃ ও মেঃ), চবক।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী বা/এ, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক/বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
০৭। সিস্টেম এনালিস্ট, চবক।
০৮। টার্মিনাল ম্যানেজার, চবক।
০৯। সকল ট্রাফিক ইন্সপেক্টর, সকল ইউনিট ওয়ান ষ্টপ সার্ভিস সেন্টার, এম শেড/চবক এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১০। ম্যানেজার, সোনালী ব্যাংক ও জনতা ব্যাংক, বন্দর শাখা, চট্টগ্রাম।
১১। প্রেসিডেন্ট, ফেডারেশন অব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, ফেডারেশন ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
১২। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং-৭/৭এ, ব্লক-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
১৩। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, আগ্রাবাদ,বা/এ,চট্টগ্রাম।
১৪। প্রেসিডেন্ট, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, আল সালাম টাওয়ার, আগ্রাবদ বা/এ, চট্টগ্রাম।
১৫। প্রেসিডেন্ট, চট্টগ্রাম কাষ্টম ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোঃ, সিএন্ডএফ টাওয়ার, (১২ তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

Shafiq 27/3

১৬। প্রেসিডেন্ট, বারভিডা, ৪০/১ডি, ইনার সার্কুলার রোড, কাকরাইল, ঢাকা এর অবগতি ও ইহা তাহার সংস্থার সকল সদস্যদের মধ্যে বহুল প্রচারের জন্য দেয়া গেল।

১৭। প্রথম ভাইস প্রেসিডেন্ট, বিজিএমইএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।

১৮। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোঃ, মক্কা-মদিনা টাওয়ার (২য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও ইহা তাহার সংস্থার সকল সদস্যদের মধ্যে বহুল প্রচারের জন্য দেয়া গেল।

১৯। চেয়ারম্যান, বার্থ অপারেটরস, শিপ হ্যান্ডলিং অপারেটরস এবং টার্মিনাল অপারেটরস ওনার্স এসোসিয়েশান, হোসেন চেম্বার (২য় তলা), ১০৫ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম।

২০। ম্যানেজিং ডাইরেক্টর, মেসার্স সাইফ পাওয়ার টেক লিঃ, মক্কা-মদিনা টাওয়ার (১৮ তলা), চট্টগ্রাম।

২১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডাস এসোসিয়েশন অব বাংলাদেশ (বাফা), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০), যমুনা ভবনের পাশে, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

২২। সহ-সভাপতি, বিকেএমইএ, এস আলম সেন্টার (থার্ড ফ্লোর), ৫৮ আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

২৩। একান্ত সহকারী, চেয়ারম্যান, চবক। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

ডেপুটি ট্রাফিক ম্যানেজার (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ